গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-৯
www.mof.gov.bd

স্মারক নং-০৭.০০.০০০০.১০৯.২০.০০৩.২৫-১৯৬

তারিখ: ০২ আশ্বিন ১৪৩২ / ১৭ সেপ্টেম্বর ২০২৫

# পরিপত্র

বিষয়: ক্যাশভিত্তিক সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রদেয় সুবিধাদির Periodic Review প্রসঙ্গে।

সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের ভাতার হার বৃদ্ধি/হ্রাস/অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত গ্রহণে সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি/উপদেষ্টা পরিষদ কমিটিকে সহায়তা করার জন্য কর্মসূচিসমূহ Periodic Review করার বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে:

(ক) সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ৪টি কর্মসূচি, যথা- 'বয়স্ক ভাতা কার্যক্রম', 'বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা কার্যক্রম', 'প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম' এবং 'অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম'; মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত 'মা ও শিশু সহায়তা কর্মসূচি' এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান (ইজিপিপি)'সহ মোট ৬টি কর্মসূচি/কার্যক্রম Periodic Review এর আওতায় থাকবে;

(খ) উল্লিখিত সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহের Periodic Review করার জন্য অর্থ বিভাগের সামষ্টিক অর্থনীতি-১ অনুবিভাগের অতিরিক্ত সচিবকে সভাপতি এবং বাজেট-৯ শাখার শাখা কর্মকর্তাকে সদস্য সচিব করে একটি আন্ত:মন্ত্রণালয় কার্যকরী কমিটি (Working Committee) গঠন করা হবে। উক্ত কার্যকরী কমিটিতে মন্ত্রিপরিষদ বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এর যুগ্মসচিব পর্যায়ের একজন করে কর্মকর্তা, বর্ণিত ৬টি সামাজিক নিরাপত্তা কর্মসূচি/কার্যক্রমের পরিচালকবৃন্দ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইংয়ের একজন পরিচালক সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবে। প্রয়োজনে কার্যকরী কমিটি (Working Committee) এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে;

(গ) ক্যাশভিত্তিক সামাজিক নিরাপত্তা কর্মসূচিসমূহে প্রদেয় সুবিধাদি Periodic Review করার ক্ষেত্রে Consumer Price Index (CPI) বেঞ্চমার্ক অর্থনৈতিক সূচক হিসেবে ব্যবহৃত হবে; এবং

(ঘ) কার্যকরী কমিটি (Working Committee) বছরে ন্যূনতম একবার ভাতার হার Review করে এর সুপারিশ সম্বলিত প্রতিবেদন সামাজিক নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি/উপদেষ্টা পরিষদ কমিটির নিকট উপস্থাপনের নিমিত্ত অর্থ সচিব বরাবর দাখিল করবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

১৭/০৯/২৫

(মোঃ রাজিবুল আহসান)
উপসচিব
☎ ২২৩৩ ৮৮ ৫৮৮
E-mail: rajibahsan@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব, ............................................মন্ত্রণালয়/বিভাগ
৪. অতিরিক্ত সচিব (বাজেট-১/বাজেট-২/সামষ্টিক অর্থনীতি-১ অনুবিভাগ), অর্থ বিভাগ
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ (অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
৭. অফিস কপি